COMMISSION TRIPURA STATE FOR WOMEN

Phone No : 0381-3562392

# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. স্যন্দন পত্রিকা Date : 6-5-23

# মহিলা সংক্রান্ত অপরাধ সম্পর্কে সচেতনতা সভা



স্যন্দন প্রতিনিধি, গোলাঘাটি, ৫ মে।। ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে সচেতনতা সভা। শুক্রবার বিশালগড় মহকুমা শাসকের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী, সদস্যা মৌসুমি দাস, ডালিয়া সিনহা, অতিরিক্ত জেলা পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী, বিশালগড় মহকুমা শাসক বিনয় ভূষণ দাস, বিশালগড় মহকুমা পুলিশ আধিকারিক রাহুল দাস, জম্পুইজলা মহকুমা পুলিশ আধিকারিক দেবপ্রসাদ রায়, সমাজ সেবক গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ। বৈঠকে বিভিন্ন সামাজিক সংগঠন, স্বনির্ভর গোষ্ঠী, অঙ্গনওয়াড়ি ওয়ার্কাস রাজনৈতিক কর্মী অংশ নেন। সম্মিলিত প্রয়াসে মহিলা সংক্রান্ত অপরাধ দমনের লক্ষ্যে এই সভা অনুষ্ঠিত হয়। মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী বলেন মহিলা সংক্রান্ত অপরাধ দমনের লক্ষ্যে এই সভা অনুষ্ঠিত হয়। মহিলা কমিশনের চেয়ার পার্সন বর্ণালী গোস্বামী বলেন মহিলা সংক্রান্ত অপরাধ জ্বলন্ত ইস্যু। শিক্ষা এবং কর্মক্ষেত্রেও নারীরা হেনস্তার শিকার হচ্ছে। সাইবার অপরাধ বাড়ছে। মহিলা অপহরণ ও পাচার হচ্ছে। রোহিঙ্গা নারী পাচারের করিডর হিসাবে ব্যবহার করছে ত্রিপুরাকে। সবাই মিলে নারী অপরাধ মুক্ত ভারত গড়তে পারলে ভারত আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন দখল করবে। একসময় ভারতে নারীদের স্থান উচ্চ আসনে ছিল। পরবর্তী সময়ে মধ্যযুগে পর্দা প্রথা চালু হয়। আজ নারীদের শিক্ষা এবং রোজগার দিতে হবে। তাহলে তারা নিজের অধিকার সুরক্ষিত রাখতে পারবে। এছাড়া পুলিশ এবং প্রশাসনিক আধিকারিক সহ উপস্থিত সকলে নারী অপরাধ দমনে গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করেন।

TRIPURA STATE COMMISSION FOR WOMEN

Phone No : 0381-3562392

# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. দৈনিক সংবাদ

Date : 6-5-23

## মহিলা কমিশনের উদ্যোগে বিশালগড়ে সচেতনতা শিবির

**সংবাদ প্রতিনিধি, বিশালগড়, ৫ মে ঃ** ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ রোধে শুক্রবার এক দিবসীয় সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়েছে বিশালগড় মহকুমাশাসকের কনফারেন্স হল ঘরে। এদিনের এই কর্মশালায় জম্পুইজলা এবং বিশালগড় মহকুমায় কর্মরত পুলিশ আধিকারিক, স্বসহায়ক দল, সমাজ শিক্ষা দপ্তরের কর্মী; সামাজিক ব্যক্তিত্ব এবং মহিলা ও শিশুদের নিয়ে কাজ করে প্রায় সকল অংশের কর্মীরাই এতে অংশগ্রহণ করেন। বক্তব্য রাখতে গিয়ে মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী রাজ্যে ঘটে যাওয়া বিভিন্ন নারীগঠিত অপরাধ এবং এর প্রেক্ষাপট নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তাছাড়া বিগত দিনে নারীগঠিত অপরাধ দমনে রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে গৃহীত বিভিন্ন কর্মসূচির বিবরণও তুলে ধরেন। পাশাপাশি আগামী দিনগুলোতে মহিলা এবং শিশুদের সুরক্ষায় প্রশাসন এবং সামাজিক সংস্থাগুলি আরও বেশি করে কিভাবে আইনি পরিষেবা তাদের কাছে পৌঁছে দেওয়া যায় সেদিকেও নজর দেওয়ার আহ্বান জানান। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী, কমিশনের সদস্য ডালিয়া সিন্‌হা, মৌসুমী দাস, সিপাহিজলা জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী, বিশালগড় মহকুমা আদালতের সরকারী আইনজীবী গৌতম গিরি সহ অন্যরা।

Phone No : 0381-3562392


# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in


Ref. No. সত্যভাষণ

Date : 6-5-23

## বিশালগড়ে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে সচেতনতা সভা

**সত্যভাষণ** প্রতিনিধি, বিশালগড় , **৫ মে।।** বিশালগড়ে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। শুক্রবার ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে বিশালগড় মহকুমা শাসকের মিলনায়তনে অনুষ্ঠিত হয় এই সভা। উপস্থিত ছিলেন মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী, সদস্যা মৌসুমি দাস, ডালিয়া সিনহা, অতিরিক্ত জেলা পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী, বিশালগড় মহকুমা শাসক বিনয় ভূষণ দাস, বিশালগড় মহকুমা পুলিশ আধিকারিক রাহুল দাস, জম্পুইজলা মহকুমা পুলিশ আধিকারিক দেবপ্রসাদ রায়, সমাজ সেবক গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ। বৈঠকে বিভিন্ন সামাজিক সংগঠন, স্বনির্ভর গোষ্ঠী, অঙ্গনওয়াড়ী ওয়ার্কাস, রাজনৈতিক কর্মী অংশ নেন। সম্মিলিত প্রয়াসে মহিলা সংক্রান্ত অপরাধ দমনের লক্ষ্যে এই সভা অনুষ্ঠিত হয়। মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী বলেন মহিলারা শিক্ষা এবং কর্মক্ষেত্রেও হেনস্তার শিকার হচ্ছে। সাইবার অপরাধ বাড়ছে। মহিলা অপহরণ এবং পাচার হচ্ছে। রোহিঙ্গা নারীদের পাচারের ঘটনা ঘটছে। সবাই মিলে নারী অপরাধ মুক্ত ভারত গড়তে পারলে ভারত আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন দখল করবে। নারীদের শিক্ষা এবং রোজগার দিতে হবে। মহিলাদের দ্বারাই অধিকাংশ মহিলা অত্যাচারিত হচ্ছে। বাল্য বিবাহের ঘটনা আজও ঘটছে। এগুলো সবাই মিলে বন্ধ করতে হবে। এছাড়া পুলিশ এবং প্রশাসনিক আধিকারিক সহ উপস্থিত সকলে নারী অপরাধ দমনে গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করেন।



Phone No : 0381-3562392

COMMISSION
TRIPURA STATE
FOR WOMEN

# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. স্যন্দন পত্রিকা                                        Date : 5-5-23

## মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে সচেতনতা সভা

**আগরতলা, ৪ মে।।** ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে গত ৩ মে উদয়পুর গোমতী জিলা পরিষদ কনফারেন্স হলে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। এই সভায় উপস্থিত ছিলেন কাকড়াবন বিধানসভা কেন্দ্রের বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতী জিলাপরিষদের সহ-সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর মিউনিসিপাল কাউন্সিলের চেয়ারপার্সন শীতল দে। তাছাড়াও উপস্থিত ছিলেন গোমতী জিলার আরক্ষা দপ্তর ও সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন এনজিও এবং বিশিষ্ঠ সমাজসেবীগণ।

মহিলা কমিশনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী এবং সদস্যা ডালিয়া সিংহ। স্বাগত ভাষণের মধ্যদিয়ে সভার শুভ সূচনা করেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী। তিনি মূল্যবান বক্তব্যে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে সংঘটিত নানাবিধ অপরাধের উৎস, প্রকৃতি ও সময়ের সাথে অপরাধের বদলে যাওয়া ধরনের উপর আলোকপাত করেন এবং এই সমস্যা থেকে উত্তরনের উপায় ও প্রতিকার সম্পর্কে আলোচনা করে প্রশাসন, সমাজসেবী সংগঠন, ক্লাব ও সর্বোপরি সমাজের সকল শুভমনোভাবাপন্ন জনসাধারণের সহযোগিতা কামনা করেন।

বিধায়ক জিতেন্দ্র মজুমদার এই প্রসংঙ্গে আলোচনা করতে গিয়ে বলেন, গর্ভাবস্থা থেকেই কন্যারা অপরাধের শিকার হয়ে থাকেন। বয়সের সাথে সাথে তার প্রকৃতি ও তারতম্যতার রূপ বদলায়। তিনি জাতি, ধর্ম, বর্ন নির্বিশেষে সকল অংশের কন্যা ও মহিলাদের শিক্ষিত ও সাবলম্বী হওয়ার উপর গুরুত্ব দেন এবং এই বিষয়ে রাজ্য ও কেন্দ্র সরকারের সক্রিয় ও সদর্থক ভূমিকার ভূয়সি প্রশংসা করেন।

গোমতী জিলাপরিষদের সহ-সভাধিপতি দেবল দেবরায় মহিলা কমিশনের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়ে বলেন, সমাজের সকল অংশের জনগণের সচেতনতার মাধ্যমেই এই সামাজিক ব্যাধি থেকে পরিত্রাণ লাভ করা সম্ভব।

উদয়পুর মিউনিসিপাল কাউন্সিলের চেয়ারপার্সন শীতল দে সংক্ষিপ্ত আলোচনায় জনপ্রতিনিধি ও সমাজসেবীদের জনগণের সাথে প্রত্যক্ষ ও নিবিড় যোগাযোগ গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেন এবং আরক্ষা দপ্তরের কাছে নির্যাতিতা মহিলাদেরকে ন্যায় প্রদানের জন্য আরো অধিক সক্রিয় ও সংবেদনশীল হওয়ার আবেদন করেন।

আরক্ষা দপ্তরের আধিকারিকগণ প্রত্যক্ষ অভিজ্ঞতার কথা তুলে ধরেন এবং সমাজের সকল শুভবুদ্ধিসম্পন্ন জনগণকে মহিলাদের বিরুদ্ধে ঘটা অপরাধের বিরুদ্ধে প্রতিবাদী হবার জন্য আবেদন করেন এবং প্রয়োজনে আদালতে সাক্ষী দেবার জন্য আবেদন করেন।

সবশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে এবং এই সচেতনতা সভায় গৃহীত সিদ্ধান্ত সমাজের সর্বস্তরে পৌঁছে দেবার আবেদন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন কমিশনের সদস্যা ডালিয়া সিংহ। কমিশনের তরফে এক বিবৃতিতে এ সংবাদ জানানো হয়েছে।

COMMISSION
TRIPURA STATE
FOR WOMEN

Phone No : 0381-3562392

# Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. দৈনিক সংবাদ

Date : 6-5-23

## মহিলা কমিশনের উদ্যোগে বিশালগড়ে সচেতনতা শিবির

**সংবাদ প্রতিনিধি, বিশালগড়, ৫ মে ঃ** ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ রোধে শুক্রবার এক দিবসীয় সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়েছে বিশালগড় মহকুমাশাসকের কনফারেন্স হল ঘরে। এদিনের এই কর্মশালায় জম্পুইজলা এবং বিশালগড় মহকুমায় কর্মরত পুলিশ আধিকারিক, স্বসহায়ক দল, সমাজ শিক্ষা দপ্তরের কর্মী, সামাজিক ব্যক্তিত্ব এবং মহিলা ও শিশুদের নিয়ে কাজ করে প্রায় সকল অংশের কর্মীরাই এতে অংশগ্রহণ করেন। বক্তব্য রাখতে গিয়ে মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী রাজ্যে ঘটে যাওয়া বিভিন্ন নারীগঠিত অপরাধ এবং এর প্রেক্ষাপট নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তাছাড়া বিগত দিনে নারীগঠিত অপরাধ দমনে রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে গৃহীত বিভিন্ন কর্মসূচির বিবরণও তুলে ধরেন। পাশাপাশি আগামী দিনগুলোতে মহিলা এবং শিশুদের সুরক্ষায় প্রশাসন এবং সামাজিক সংস্থাগুলি আরও বেশি করে কিভাবে আইনি পরিষেবা তাদের কাছে পৌঁছে দেওয়া যায় সেদিকেও নজর দেওয়ার আহ্বান জানান। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী, কমিশনের সদস্য ডালিয়া সিন্‌হা, মৌসুমী দাস, সিপাহিজলা জেলার অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র চৌধুরী, বিশালগড় মহকুমা আদালতের সরকারী আইনজীবী গৌতম গিরি সহ অন্যরা।

Phone No : 0381-3562392

COMMISSION
TRIPURA STATE FOR WOMEN

**Tripura Commission For Women**

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. সত্যভাষণ Date : 5 - 5 - 23

# অপরাধ সংক্রান্ত বিষয়ক সচেতনতা সভা

**সত্যভাষণ প্রতিনিধি, উদয়পুর, ৪ মে ।।** ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে সচেতনতা সভা অনুষ্ঠিত হয় বুধবার সকাল সাড়ে এগারোটায় উদয়পুর গোমতী জিলা পরিষদের কনফারেন্স হল ঘরে। প্রদীপ প্রজ্বলন করে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারম্যান বর্ণালী গোস্বামী। এছাড়া উপস্থিত ছিলেন , গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি দেবল দেবরায়, কাঁকড়াবন বিধানসভা কেন্দ্রের বিধায়ক জীতেন্দ্র মজুমদার , সহ জিলা পরিষদের অন্যান্য সদস্যরা। অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে রাজ্য মহিলা কমিশনের চেয়ারম্যান বর্ণালী গোস্বামী বলেন, বর্তমান সমাজে বহু পরিবার রয়েছে যে সকল পরিবারে নীরবে মহিলা ও শিশুদের ওপর নির্যাতন করা হচ্ছে। যারা নির্যাতিত হচ্ছে তাদের মধ্যে অনেকেই মুখ খুলতে নারাজ। কেন তারা নির্যাতিত হচ্ছে সে সব সমস্যার শিকড়ে গিয়ে মূল সমস্যাটাই বের করে এনে রাজ্য সরকারের কাছে এক রিপোর্ট দেওয়া হবে রাজ্য মহিলা কমিশনের পক্ষ থেকে। পাশাপাশি সেই সকল সমস্যাগুলি নিরসনে রাজ্য মহিলা কমিশনার সর্বদা সজাগ দৃষ্টি রেখে চলেছে গোটা রাজ্যজুড়ে। এদিন সচেতনতা সভাকে কেন্দ্র করে বিভিন্ন সেলফের গ্রুপ , বিভিন্ন থানার পুলিশ অফিসার, জনপ্রতিনিধি ও পুর এলাকার ওয়ার্ড কমিশনার থেকে শুরু করে সমাজের বিভিন্ন স্তরের মানুষ এই সভায় অংশগ্রহণ করেন।